বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৫৫

তারিখ: ০৯ ফাল্গুন , ১৪২৯ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

আজ ২২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে International Organization of Securities Commissions (IOSCO) এর Asia Pacific Regional Committee (APRC) এর ২ দিন ব্যাপী সভা ঢাকা, বাংলাদেশের শেরাটন হোটেলে শুরু হয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান (সিনিয়র সচিব) এবং IOSCO- Asia Pacific Regional Committee (APRC) এর ভাইস চেয়ার অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম উক্ত সভা উদ্বোধন করেন।

সকাল ৯:৩০ থেকে ১২:০০ ঘটিকা পর্যন্ত Supervisory Director Meeting এর মাধ্যমে সভা শুরু হয় এবং দুপুর ১:৩০ থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত Enforcement Director Meeting অনুষ্ঠিত হয়। অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম উক্ত দুইটি সভার সভাপতিত্ব করেন।

উক্ত দুইটি সভায় অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, সিঙ্গাপুর, হংকং, জাপান, ভারত, মালয়েশিয়া, থাইল্যান্ড, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, পাকিস্তান, নেপাল সহ এশিয়া প্যাসিফিক অঞ্চলের অন্যান্য দেশের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাসমূহের ঊর্ধ্বতন কর্মকর্তাসহ তাদের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। এছাড়া উক্ত সভায় সারা বিশ্বের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাসমূহ নিয়ে গঠিত প্রতিষ্ঠান International Organization of Securities Commissions (IOSCO) এর সচিবালয়, স্পেন এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

এশিয়া প্যাসিফিক অঞ্চলের বিভিন্ন দেশের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা সমূহ নিয়ে গঠিত Asia Pacific Regional Committee (APRC) এর সভা প্রথমবারের মত বাংলাদেশে অনুষ্ঠিত হয়।

সভায় স্বাগত বক্তব্যে অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম সভায় অংশগ্রহণকারী এশিয়া প্যাসিফিক অঞ্চলের বিভিন্ন দেশের প্রতিনিধিগণকে বাংলাদেশে আসার জন্য স্বাগত জানান। এশিয়া-প্যাসিফিক অঞ্চলের অন্যান্য দেশের সাথে সম্পর্কের উন্নয়ন ও সহযোগিতা বৃদ্ধি সহ দেশের পুঁজিবাজারের সার্বিক উন্নতিতে এই সভা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

সভায় বাংলাদেশ, ভারত, হংকং, সিঙ্গাপুর এর প্রতিনিধিগণ বিনিয়োগ শিক্ষা ও বিনিয়োগ আচরণ, নিয়ন্ত্রক প্রযুক্তি, অনলাইনে ব্রোকারেজ ও পরামর্শ পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠান সমূহের তত্ত্বাবধান, নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানে তৃতীয় পক্ষের সেবা গ্রহণের সমস্যা ও সমাধান, বিনিয়োগকারীর সিদ্ধান্তের উপর প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের মানের প্রভাব, যারা ভুয়া গ্রাহক হিসাব খুলে এর মাধ্যমে বাজার কারসাজি ও ইনসাইডার ট্রেডিং করে তাদের খুঁজে বের করার চ্যালেঞ্জ, Sophisticated Syndicate কর্তৃক বিভিন্ন উপায়ে শেয়ারের বাজার মূল্য বৃদ্ধি ও তার উপর নজরদারী সহ পুঁজিবাজার সংক্রান্ত আরও অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়।

দুটি সভায় সবাইকে অংশগ্রহণ, মূল্যবান বক্তব্য, নিজ নিজ দেশের অভিজ্ঞতা ও পরামর্শ প্রদানের জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম ২ দিন ব্যাপী সভার প্রথম দিনের সমাপ্তি ঘোষণা করেন।

22-02-2023

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


EXIT
Enforcement legal challenges
Challenges against restriction notices through the SFAT and judicial review
Legal professional privilege claims
Admissibility of digital evidence (e.g. messages from WhatsApp or WeChat etc.)


EXIT


EXIT
IOSCO-APRC
MEETINGS, 2023
IOSCO-APRC
MEETINGS, 2023
IOSCO-APRC
MEETINGS, 2023
EXIT


APRC VICE CHAIR

